

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.hsd.gov.bd

স্মারক নম্বর : ৪৫.০০.০০০০.১৬০.৯৯.০১৪.১৮- ৫৮৫

তারিখ: ২৮ জ্যৈষ্ঠ ১৪৩৩
১১ জুন ২০২৬

বিষয় : ডিসেম্বর ২০২৬ পর্যন্ত সরকারি হাসপাতালে ডেঙ্গু পরীক্ষার মূল্য বিনামূল্যকরণ।


সূত্র : অর্থ বিভাগের স্মারক নম্বর- ০৭.০০.০০০০.০০০.১৪৩.৯৯.০০০১.২১.৫৭, তারিখ- ১৫ অক্টোবর ২০২৫

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিশ্ৰেণিকিতে জানানো যাচ্ছে যে, অর্থ বিভাগের সম্মতির পরিশ্ৰেণিকিতে গত ১৫ অক্টোবর ২০২৫ তারিখে স্বাস্থ্য সেবা বিভাগ হতে সরকারি হাসপাতালে ৩০ নভেম্বর ২০২৫ পর্যন্ত ডেঙ্গু রোগীদের চিকিৎসকের পরামর্শ অনুযায়ী NS1 পরীক্ষা ফ্রি করার জন্য আদেশ জারি করা হয়। বিগত বছরগুলোতে বাংলাদেশে ডেঙ্গু রোগে অনেক রোগী মৃত্যুবরণ করেছে এবং দেশজুড়ে এডিস মশার উচ্চ ঘনত্বের কারণে পরিস্থিতি এ বছরও অবনতি হওয়ার আশঙ্কা রয়েছে। ফলে, জনস্বার্থে আগামী ৩১ ডিসেম্বর ২০২৬ তারিখ পর্যন্ত সরকারি হাসপাতালে রেজিস্ট্রেশনকৃত রোগীদের চিকিৎসকের পরামর্শ অনুযায়ী ডেঙ্গুর NS1 পরীক্ষা ফ্রি করা প্রয়োজন।

০২। বর্ণিতাবস্থায়, চিকিৎসকের পরামর্শ অনুযায়ী সরকারি হাসপাতালে রেজিস্ট্রেশনকৃত রোগীদের ডেঙ্গুর NS1 পরীক্ষা ৩১ ডিসেম্বর ২০২৬ পর্যন্ত বিনামূল্যকরণে সম্মতি জ্ঞাপনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৩। জনস্বাস্থ্য বিবেচনায় বিষয়টি জরুরি।

সংযুক্তি : বর্ণনামতে- আর্থিক সংশ্লেষ



কাজী শরীফ উদ্দিন আহমেদ
উপসচিব

ফোন:+৮৮-০২-৫৫১০০৯৩৮

ই-মেইল: ghm1@hsd.gov.bd

অর্থ সচিব

অর্থ বিভাগ

অর্থ মন্ত্রণালয়

[দৃষ্টি আকর্ষণ: উপসচিব, এনটিআর শাখা-১, ট্রেজারি ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ]

সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
২. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৩. সিস্টেম অ্যানালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৪. সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৫. অতিরিক্ত সচিব (হাসপাতাল) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৬. ফুন্ডসচিব (সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৭. অফিস কপি